



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ/৩৭৮

তারিখ : ১০-১২-২০১৮ খ্রি.

বিষয় : ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফিসের অতিরিক্ত ফি আদায় না করা সংক্রান্ত

সূত্র: (ক) মহামান্য হাইকোর্টের (স্পেশাল অরিজিনাল জুরিজডিকশন) সুয়েমোটো রুল নং ২৫/২০১৪ তারিখ ০১-০৯-২০১৫
(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর ২৮-১১-২০১৮ তারিখের পনি/উমা/বিজ্ঞপ্তি-৪০ নং স্মারকে ফরম পূরণের বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার্থী প্রতি বোর্ডের নির্ধারিত ফিসের বিবরণ নিম্নরূপ :

ক্রমিক নং	বিভাগ	বিবরণ	টাকার পরিমাণ	মোট টাকা
০১	বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ)	বোর্ড ফি	১৬৯৫.০০	২৪৫০.০০
		কেন্দ্র ফি (ব্যবহারিক সহ)	৭৫৫.০০	
০২	ব্যবসায় শিক্ষা শাখা (৪র্থ বিষয়সহ)	বোর্ড ফি	১৪৯৫.০০	১৮৯০.০০
		কেন্দ্র ফি (ব্যবহারিক সহ)	৩৯৫.০০	
০৩	মানবিক শাখা (৪র্থ বিষয়সহ)	বোর্ড ফি	১৪৯৫.০০	১৮৯০.০০
		কেন্দ্র ফি (ব্যবহারিক সহ)	৩৯৫.০০	

বিশেষ দৃষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর ৪র্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বর্ণিত ফি এর সাথে অতিরিক্ত ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে এবং
মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরও ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের আদেশ ও ফরম পূরণের বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত কোন ফি কোন অজুহাতে আদায় না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন: ০৪২১-৬৮৬৬৬

e-mail: controller@jessoreboard.gov.bd

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক
যশোর/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/নড়াইল/
ঝিনাইদহ/মাগুরা/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/মেহেরপুর
- ৪। উপজেলা নির্বাহী অফিসার
এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৫। জেলা শিক্ষা অফিসার
এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৬। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। অফিস কপি